গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ডিজাইন বিভাগ
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা।

১

স্মারক নং- ১৩৪৫ তারিখ ঃ ২৪ /০৮/২০১১

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরাধীন বাংলাদেশের ঘূর্ণিঝড় উপদ্রুত এবং সিডর আক্রান্ত উপকূলীয় এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় উন্নয়ন খাতে প্রকল্পের জনবল নিয়োগ সংক্রান্ত বিষয়ে স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৮৩.০১৫.০২.০০.০০৩.২০১১-৬৭০ তারিখঃ-১১/০৭/২০১১ এর মাধ্যমে অনুমোদনের প্রেক্ষিতে নির্ধারিত সাকুল্য বেতনে কেবলমাত্র প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিম্নেবর্ণিত পদ সমুহ সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য নিম্নোক্ত শর্তে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও মাসিক সাকুল্য বেতন | বয়স অনুর্ধ্ব | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১। | হিসাব রক্ষক | ০১ | ১৪ ৯,৩৫০/- | ৩০ বছর | স্নাতক (বাণিজ্য বিভাগ) এ ২য় বিভাগ/শ্রেণী । হিসাব রক্ষণ কাজে বাস্তব অভিজ্ঞতা। আইডিবি সাহায্যপুষ্ট পানি সরবরাহ (সমাপ্ত) প্রকল্পের জনবলকে অগ্রাধিকার প্রদান করা হবে । ২০০৬ সালের পূর্বে অধিদপ্তরে কর্মরত মাষ্টার রোল ও ওয়ার্কচার্জ কর্মচারীদের ক্ষেএে বয়স শিথিলযোগ্য । |
| ০২। | ডাটা এন্ট্রি অপারেটর | ০২ | ১৬ ৮,৬০৫/- | ৩০ বছর | স্নাতক ডিগ্রীধারী (বিজ্ঞানে স্নাতক অগ্রাধিকার ) বিভাগীয় ডাটা এন্ট্রি অপারেটর হিসাবে ন্যূনতম ২ বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলয়োগ্য। অপারেটরস এ্যাপটিচুড টেষ্টে অবশ্যই কৃতকার্য হতে হবে। আইডিবি সাহায্যপুষ্ট পানি সরবরাহ (সমাপ্ত) প্রকল্পের জনবলকে অগ্রাধিকার প্রদান করা হবে । ২০০৬ সালের পূর্বে অধিদপ্তরে কর্মরত মাষ্টার রোল ও ওয়ার্কচার্জ কর্মচারীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। |

শর্তাবলী ঃ

০১) আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও বাসিন্দা হতে হবে।

০২) আবেদন পত্রে দরখাস্তকারীর (ক) পূর্ণ নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) স্থায়ী ঠিকানা (ইউনিয়ন পরিষদ/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদপত্রে উপজেলা ও জেলা উল্লেখ করতে হবে) (চ) জন্ম তারিখ (ছ) ০৩/১০/২০১১ইং তারিখে বয়স(বৎসর,মাস,দিন উল্লেখ করতে হবে) (জ) শিক্ষাগত যোগ্যতার বিবরণী (ঝ) জাতীয়তা (ঞ) ধর্ম (ট) নিজ জেলা (ঠ) অভিজ্ঞতা ধারাবাহিকভাবে উল্লেখ পূর্বক প্রকল্প পরিচালক,বাংলাদেশের ঘূর্ণিঝড় উপদ্রুত এবং সিডর আক্রান্ত উপকূলীয় এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প ৬ষ্ঠ তলা , জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা-১০০০ ঠিকানায় সরাসরি বা ডাকযোগে আবেদন পত্র ০৩/১০/২০১১ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।

০৩) আবেদন পত্রের সাথে সংযুক্ত প্রমাণাদি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করে সত্যায়িত করতে হবে (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকাপি (খ) ইউনিয়ন পরিষদ /পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত জাতীয়তা ও নাগরিকত্বের সনদপত্রের ফটোকপি (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি ছবি (ঘ) অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি ইত্যাদি সংযুক্ত করতে হবে। মৌখিক পরীক্ষার সময় আবেদনকারীগনকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

০৪) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার /ইউনিয়ন পরিষদ /পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার এর নাম যুক্ত সীলমোহরকৃত ও স্বাক্ষরিত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।

০৫) প্রার্থীর বয়স সীমা ০৩/১০/২০১১ইং তারিখে অনুর্ধ্ব ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহনযোগ্য হবে না।

০৬) কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা অনুসৃত হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পোষ্য হিসেবে প্রার্থীকে আবেদন পত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা এর সনদপত্রের সত্যায়িত ফটোকপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে। আবেদন পত্রের খামের উপরে মুক্তিযোদ্ধার সন্তান কথাটি উল্লেখ করতে হবে।

০৭) সরকারী প্রতিষ্ঠানে কর্মরত আবেদনকারীগনকে নিজ নিজ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন পত্রের অগ্রিম কপি গ্রহনযোগ্য নয়।

০৮) আবেদন পত্রের খামের উপরের অংশে মোটা অক্ষরে আবেদনকৃত পদের নাম নিজ জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

০৯) পরীক্ষার প্রবেশপত্র প্রেরণের সুবিধার্থে প্রার্থীর বর্তমান ঠিকানা সম্বলিত ৫/- (পাঁচ) টাকা মূল্য মানের ডাকটিকিট যুক্ত ৪´´ X১০´´ সাইজের ফেরত খাম আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১০) প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবল মাত্র উপযুক্ত প্রার্থীগনকে লিখিত বা মৌখিক পরীক্ষা বা সাক্ষাৎকার গ্রহণের জন্য পত্র মারফত জানানো হবে।

১১) নিয়োগের জন্য নির্বাচিত হলে তাহার শারিরীক যোগ্যতার স্বপক্ষে সিভিল সার্জন এর নিকট হতে চাকুরীর জন্য উপযুক্ত মর্মে ডাক্তারী সনদপত্র দাখিল করতে হবে। অন্যথায় যোগদানপত্র গ্রহণ করা হবে না।

১২) নিয়োগের জন্য নির্বাচিত হলে পুলিশ ভেরিফিকেশন রিপোর্টে কোন বিরুপ মন্তব্য থাকলে নিয়োগ পত্র বাতিল করা হবে।

১৩) প্রকল্পের মেয়াদ শেষে স্বয়ংক্রিয়ভাবে এ নিয়োগ বাতিল বলে গন্য হবে।

১৪) আবেদনপত্র সরাসরি গ্রহণের এবং ডাকযোগে পৌছানোর শেষ তারিখঃ ০৩/১০/২০১১ইং (অফিস চলাকালীন সময় পর্যন্ত) উক্ত তারিখ ও সময়ের পরে কোন আবেদন পত্র গ্রহন করা হবে না।

১৫) বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র, অসম্পূর্ন ও ত্রুটিপূর্ন আবেদন পত্র সরাসরি বাতিল বলে গন্য করা হবে।

১৬) আবেদন পত্রের সাথে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য),প্রকল্প পরিচালক ,বাংলাদেশের ঘূর্ণিঝড় উপদ্রুত এবং সিডর আক্রান্ত উপকূলীয় এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে সংযুক্ত করতে হবে।

১৭) কোন কারন দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষন করেন।

১৮) লিখিত পরীক্ষা বা সাক্ষাতকারে হাজির হওয়ার জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

১৯) নিয়োগ বিজ্ঞপ্তিটি অত্র অধিদপ্তরের ওয়েব সাইট www.dphe.gov.bd এবং স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইট www.lgd.gov.bd এ পাওয়া যাবে।

(মোঃ সাইফুর রহমান)
নির্বাহী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ডিজাইন বিভাগ, ঢাকা
ও
সদস্য সচিব
উন্নয়ন প্রকল্পে নিয়োগ বাছাই কমিটি-২।

স্মারক নং-১৩৪৫ (১০০) তারিখ ঃ ২৪ /০৮/২০১১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ-

১। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ সরকার, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা/পূর্ত/পানি সম্পদ) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৩। উপ- সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,.......................................................................ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,.........................................................................সার্কেল।
৬। নির্বাহী প্রকৌশলী, কম্পিউটার বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,.............................................................. বিভাগ।
৮। সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৯। অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড।

২৪/৮/১১
(মোঃ সাইফুর রহমান)
নির্বাহী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশলঅধিদপ্তর ডিজাইন বিভাগ,ঢাকা
ও
সদস্য সচিব
উন্নয়ন প্রকল্পে নিয়োগ বাছাই কমিটি-২।